

কোটা বাতিল করে সব শ্রেণিতে লটারির মাধ্যমে ভর্তির দাবি

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ২১:০০, ২৮ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

মঙ্গলবার (২৮ অক্টোবর) এক যৌথ বিবৃতিতে, ২০২৬ শিক্ষাবর্ষে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে তথা স্কুলে সব শ্রেণিতে লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তির দাবি জানিয়েছে অভিভাবকদের সংগঠন অভিভাবক এক্য ফোরাম। একইসঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের পোষ্য কোটাসহ সবধরনের কোটা বাতিলেরও আহ্বান জানিয়েছে সংগঠনটি।

বিবৃতিতে সংগঠনের সভাপতি মো. জিয়াউল কবির দুলু ও সাধারণ সম্পাদক মো. সেলিম মিয়া বলেন, লটারির মাধ্যমে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হলে ভর্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। এতে ভর্তি কোচিংয়ের বাড়াবাড়ি বন্ধ হবে এবং কোমলমতি শিক্ষার্থীরা অযথা মানসিক চাপ থেকে মুক্তি পাবে।

তারা আরও বলেন, ভর্তি পরীক্ষার মাধ্যমে পুনরায় ভর্তি প্রথা চালু করা হলে কোচিং বাণিজ্য আরও সম্প্রসারিত হবে। অভিভাবকরা অসম প্রতিযোগিতার মধ্যে পড়বেন এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবেন।

অভিভাবক এক্য ফোরামের নেতারা বলেন, ভর্তি নীতিমালা থেকে সবধরনের কোটা বাতিল করলে শিক্ষা মন্ত্রণালয় বিতর্কের উর্ধ্বে থাকবে। ভর্তি প্রক্রিয়ায় বৈষম্য, অনিয়ম ও দুর্নীতি অনেকাংশে কমে আসবে।

এ ছাড়া, বিবৃতিতে তারা শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত ফি ধার্য না করারও দাবি জানান।